

যুগান্তর

প্রিন্ট: ১৯ মার্চ ২০২৫, ০১:২০ পিএম

শিক্ষাঙ্গন

১৬ দিনের ছুটিতে যাচ্ছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ মার্চ ২০২৫, ০৭:৩৪ পিএম



আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ১৬ দিনের ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. এবিএম আজিজুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়- পবিত্র রমজান, স্বাধীনতা ও জাতীয় দিবস, জুমাতুল বিদা, শবেকদর, ঈদুল-ফিতর উপলক্ষে আগামী ২৩ মার্চ হতে ৭ এপ্রিল পর্যন্ত ১৬ দিন ক্লাস ছুটি থাকবে। এছাড়া অফিস ছুটি থাকবে ২৬ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত মোট ১২ দিন।

